দৈনিক ইত্তেফাক

112

তারিখ ... NOV 0 1 1999 ...
পৃঃ ১১ কলাম ১ .....

# চবি প্রো-ভিসির সহিত ডিআইডি প্রতিনিধি দলের বৈঠক

চট্টগ্রাম অফিস ॥ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন পরিচালিত আন্তর্জাতিক উন্নয়ন বিভাগের পাঁচ সদস্য বিশিষ্ট প্রতিনিধিদল গত ২৬শে অক্টোবর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি প্রফেসর ডঃ আবু ইউসুফের সহিত তাহার দপ্তরে এক সৌজন্য সাক্ষাৎ করেন। প্রো-ভিসি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সামুদ্রিক বিজ্ঞান ইনষ্টিটিউটের সার্বিক উন্নয়ন ও মৎস্য গবেষণার ব্যাপারে প্রয়োজনীয় আর্থিক সহযোগিতার অনুরোধ জানাইলে প্রতিনিধি দল ইহাতে ইতিবাচক সাড়া দেন। সাক্ষাতের সময় বিশ্ববিদ্যালয়ের মৎস্য শিক্ষা ও গবেষণা সহায়তার প্রকল্প সমন্বয়কারী ডঃ এ বি থমপসন, যুক্তরাজ্যের মৎস্য বিজ্ঞানী ডঃ ইডি অ্যালিসর, যুক্তরাজ্যের আন্তর্জাতিক উন্নয়ন পরামর্শক ডঃ মাইকেল জে-গ্রিবার্স, মজুরী কমিশনের জাতীয় পরামর্শক ডঃ শাহজাহান হাওলাদার, বিশ্ববিদ্যালয় মৎস্য শিক্ষা ও গবেষণা সহায়তা প্রকল্পের কারিগরী ব্যবস্থাপক ডঃ আখতারুজ্জামান উপস্থিত ছিলেন।